জুলাই, 2023

# নতুন Scotland নির্মাণ: স্বাধীন Scotland এর নাগরিকত্ব

BUILDING A NEW SCOTLAND

## সারাংশ

নতুন Scotland নির্মাণ সিরিজের এই সারসংক্ষেপ প্রকাশনায় স্বাধীন Scotland এর নাগরিকত্বের জন্য স্কটিশ সরকারের প্রস্তাবগুলি উল্লেখ করা হয়েছে। এটি:

- স্বাধীনতার পরে জনগণের জন্য নাগরিকত্বের অন্তর্ভুক্তিমূলক মডেলের প্রতি আমাদের নির্ধারণ করে, তারা Scotland এ জন্মগ্রহণ করুক বা না করুক অথবা নিজেদেরকে প্রাথমিকভাবে বা একচেটিয়াভাবে স্কটিশ হিসাবে পরিচয় দিক বা না দিক এবং
- স্বাধীনতার সময়ে স্কটিশ নাগরিক হবেন এবং তারপর থেকে কে স্কটিশ নাগরিক হতে পারবেন তা বর্ণনা করে

এই প্রস্তাবগুলি স্কটিশ নাগরিকত্ব পাওয়ার যোগ্য হওয়ার জন্য অন্তর্ভুক্তিমূলক এবং আন্তরিক পদ্ধতি প্রকাশ করে।

পূর্ণ প্রকাশনাটি এই প্রস্তাবগুলি সম্পর্কে আরও বিশদ বিবরণ, প্রমাণাদির বিশ্লেষণ দেয় যা তাদের তথ্য এবং সূত্রের রেফারেন্স প্রদান করে।

স্কটিশ নাগরিকদের Scotland এ স্বাধীনভাবে বসবাস ও কাজ করার অধিকার থাকবে। তারা স্কটিশ পাসপোর্টও পাবেন।

এই মুহূর্তে বেশিরভাগ স্কটিশ মানুষ ব্রিটিশ নাগরিক। যুক্তরাজ্যের আইন ব্রিটিশ নাগরিকদের একাধিক জাতীয়তা রাখতে দেয়। আমাদের প্রস্তাব, স্বাধীনতার পরে Scotland এর আইনও যেন স্কটিশ নাগরিকদের একাধিক জাতীয়তা রাখতে দেয় – যাতে মানুষ চাইলে স্কটিশ এবং ব্রিটিশ উভয় জাতীয়তাই রাখতে পারে অথবা শুধু যে কোনো একটি রাখতে পারবেন।

আমাদের প্রস্তাব অনুসারে, স্বাধীনতার পরে ব্রিটিশ নাগরিকদের Scotland এ বসবাস ও কাজ করার জন্য স্কটিশ নাগরিক হতে হবে না, কারণ Scotland এখন যেমন কমন ট্রাভেল এরিয়ার অংশ আছে তেমনই থাকবে, যার মধ্যে যুক্তরাজ্য, আয়ারল্যান্ড, চ্যানেল আইল্যান্ডস এবং আইল অফ ম্যান রয়েছে।

Scotland স্বাধীন দেশ হলে স্কটিশ নাগরিক হওয়ার চারটি উপায় থাকবে:

- স্বাধীনতা দিবসে স্বয়ংক্রিয়ভাবে যোগ্যতার্জন
- স্বাধীনতার পর জন্মসূত্রে
- স্কটিশ নাগরিক হিসাবে রেজিস্ট্রেশন করে অথবা
- স্কটিশ নাগরিক হওয়ার আবেদন করে

পরবর্তী বিভাগে এইগুলির প্রত্যেকটির অর্থ কী তা সারসংক্ষেপ দেওয়া হয়েছে।

## স্কটিশ নাগরিক হওয়ার উপায়

1. স্বয়ংক্রিয়ভাবে নাগরিকত্বের যোগ্যতা অর্জন

স্কটিশ সরকারের পরিকল্পনা অনুসারে Scotland এর স্বাধীন হওয়ার দিনে স্বয়ংক্রিয়ভাবে স্কটিশ নাগরিকত্ব পাওয়ার যোগ্য হবেন যদি আপনি ইতিমধ্যে ব্রিটিশ নাগরিক হন এবং:

- Scotland এ বসবাস করেন (আইনে 'হ্যাবিচুয়েলি রেসিডেন্ট' হিসাবে বর্ণনা করা হয়েছে)
- Scotland এ জন্মগ্রহণ করে থাকেন
- আপনার পিতা/মাতা এমন ব্রিটিশ নাগরিক যিনি Scotland এ জন্মগ্রহণ করেছেন অথবা
- তরুণ প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে আনুপাতিক গণনা অনুযায়ী, পূর্বে কমপক্ষে দশ বছর বা শিশু হিসাবে পাঁচ বছর Scotland এ বসবাস করে থাকেন।

যদি আপনার স্কটিশ নাগরিকত্ব পাওয়ার যোগ্যতা আপনার বর্তমান ব্যক্তিগত পরিস্থিতির ভিত্তিতে হয় – আপনি Scotland এ থাকেন বা এখানে জন্মগ্রহণ করেছেন – সেক্ষেত্রে আপনার কিছু করার প্রয়োজন নেই, আপনি এমনিতেই নাগরিক পরিষেবা নিতে পারবেন।

যদি আপনি Scotland এ বাস না করেন এবং আপনার স্কটিশ নাগরিকত্ব পাওয়ার যোগ্যতা আপনার অতীতের পরিস্থিতি বা পিতা/মাতার ভিত্তিতে হয়, সেক্ষেত্রেও আপনি এই ধরনের পরিষেবা নিতে পারবেন, যদিও এক্ষেত্রে আপনাকে নিজের যোগ্যতার প্রমাণ দিতে বলা হতে পারে।

আপনি স্বয়ংক্রিয়ভাবে স্কটিশ নাগরিক হতে না চাইলে তা জানাতে পারবেন।

2. স্বাধীনতার পরে জন্মগ্রহণকারী শিশু

স্বাধীনতার পরে Scotland এ জন্মগ্রহণকারী শিশুরা স্বয়ংক্রিয়ভাবে স্কটিশ নাগরিক হবে যদি তাদের পিতা/মাতার মধ্যে অন্তত একজন:

- স্কটিশ নাগরিক হন অথবা
- একজন ব্রিটিশ বা আইরিশ নাগরিক হন অথবা
- স্কটিশ অভিবাসন আইনের অধীনে Scotland এ "সেটেল্ড" হয়ে থাকেন

স্বাধীনতার পরে Scotland এর বাইরে জন্মগ্রহণকারী শিশু স্বয়ংক্রিয়ভাবে স্কটিশ নাগরিকত্বের অধিকারী হবে যদি তাদের পিতা/মাতার মধ্যে কেউ স্কটিশ নাগরিক হন।

3. স্কটিশ নাগরিক হিসাবে রেজিস্ট্রেশন করা

এই অতিরিক্ত নাগরিকত্বের অধিকার দুইটি দলের মানুষের জন্য খোলা থাকবে:

- Scotland এ বসবাসকারী ব্রিটিশ এবং আইরিশ নাগরিক
- Scotland এ বসবাসকারী যে কোনো জাতীয়তার সন্তান যারা এখানে বড় হয়েছে

এছাড়াও স্বাধীনতার পরে যারা স্কটিশ নাগরিক হতে চান তাদের জন্য আরও একটি পথ থাকবে: যোগ্যতার মানদণ্ডের ভিত্তিতে আবেদন করা।

4. স্কটিশ নাগরিক হওয়ার জন্য আবেদন করা

অন্য দেশের নাগরিক হওয়ার আবেদন প্রক্রিয়াকে অনেক সময় “ন্যাচারালাইজেশন” বলা হয়।

অন্য জাতীয়তার যে কোনো ব্যক্তি স্কটিশ নাগরিক হওয়ার জন্য আবেদন করতে পারেন যদি তারা:

- কমপক্ষে পাঁচ বছর ধরে Scotland এ বসবাস করেন এবং
- কমপক্ষে 12 মাস ধরে Scotland এ “সেটেল্ড” হন

## পাসপোর্ট

স্কটিশ নাগরিকরা স্বাধীনতার পরে স্কটিশ পাসপোর্ট রাখার অধিকারী হবেন। আপনি না চাইলে স্কটিশ পাসপোর্ট রাখার দরকার নেই। এখনকার ব্রিটিশ নাগরিকদের ব্রিটিশ পাসপোর্ট পাওয়ার জন্য যেমন আবেদন প্রক্রিয়া রয়েছে, সেই একই রকম প্রক্রিয়ার মাধ্যমে স্কটিশ পাসপোর্ট পেতে পারবেন।

## কমন ট্রাভেল এরিয়া এবং ইউরোপীয় ইউনিয়ন

Scotland এইসব দ্বীপের কমন ট্রাভেল এরিয়ার একটি অংশ। স্বাধীনতার পর কমন ট্রাভেল এরিয়ার অংশ হিসাবে, ব্রিটিশ এবং আইরিশ নাগরিকরা এখনকার মতো কোনো বিধিনিষেধ ছাড়াই Scotland এ বসবাস ও কাজ করতে পারবেন এবং স্কটিশ নাগরিকদের জন্যও যুক্তরাজ্য ও আয়ারল্যান্ডে একই অধিকার বজায় থাকবে।

Scotland ইউরোপীয় ইউনিয়নে পুনরায় যোগদান করলেই স্কটিশ নাগরিকরা আবার EU নাগরিক হবে। ফলে তারা এবং তাদের পরিবার বর্তমান 27টি EU সদস্য দেশের পাশাপাশি নরওয়ে, আইসল্যান্ড, লিচেনস্টেইন এবং সুইজারল্যান্ড জুড়ে অবাধে বসবাস, কাজ এবং অধ্যয়ন করার অনুমতি পাবেন।

## নাগরিকত্ব এবং সংবিধান

Scotland স্বাধীন হলে এই সরকারের নাগরিকত্ব সংক্রান্ত প্রস্তাব অন্তর্বর্তীকালীন সংবিধানের অংশ হবে। নাগরিকত্ব স্থায়ী স্কটিশ সংবিধানের অংশ হবে কিনা বা হলে কীভাবে হবে অথবা জাতীয়তা আইন যদি স্কটিশ পার্লামেন্টের আইনের মাধ্যমে তৈরি করা হয় তাহলে তা সাংবিধানিক সনদের বিষয় হবে, যেমনটি ‘নতুন Scotland নির্মাণ: স্বাধীন Scotland এর জন্য আধুনিক সংবিধান তৈরি করা’-তে বর্ণনা করা হয়েছে। এই প্রস্তাবগুলি এই কাগজে বিস্তারিতভাবে বর্ণিত হয়েছে যাতে Scotland এর সাংবিধানিক ভবিষ্যত বেছে নেওয়ার বিষয়ে আলোচনায় জড়িত প্রত্যেকের এই বিষয়ে স্পষ্ট ধারণা থাকে যে স্কটিশ সরকারের অবস্থান কী এবং দেশ স্বাধীন হলে তারা কীভাবে প্রভাবিত হবেন।

## উপসংহার

স্বাধীনতা, আইনে একটি নতুন জাতীয়তার সৃষ্টি করবে এবং Scotland এর জনগণকে সেই অন্তর্ভুক্তিমূলক জাতীয় পরিচয়ের অংশ হওয়ার সুযোগ দেবে। স্কটিশ নাগরিক হওয়া স্বাধীনতার একটি অর্থবহ, ইতিবাচক প্রাপ্তি হবে। স্কটিশ পাসপোর্ট ধারণ করার নতুন অধিকার, কমন ট্রাভেল এরিয়াতে অধিকার বজায় রাখা এবং EU-তে Scotland এর যোগদানের পর, EU নাগরিক হিসাবে পুনরায় সংশ্লিষ্ট অধিকার ভোগ করা, সবই স্কটিশ নাগরিকরা উপভোগ করতে পারবেন।

© The Scottish Government 2023

ISBN: 978-1-83521-156-4

স্কটিশ সরকার দ্বারা জুলাই 2023-এ প্রকাশিত

APS Group Scotland, 21 Tennant Street, Edinburgh EH6 5NA PPDAS1330823 (07/23)
দ্বারা স্কটিশ সরকারের জন্য প্রস্তুতকৃত